# Times Today BD

সিনিয়র রিপোর্টার | রাজনীতি | 02 May, 2025

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের সহধর্মিণী ডা. জুবাইদা রহমানের দেশে আগমন উপলক্ষে তার বাসা এবং চলাচলের নিরাপত্তা নিশ্চিত করতে স্বরাষ্ট্র সচিব, পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) এবং সংশ্লিষ্ট দপ্তরে লিখিত চিঠি দিয়েছে বিএনপি।

এই বিষয়ে বিএনপির মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খান শুক্রবার (২ মে) গণমাধ্যমকে জানান, আগামী ৫ মে ডা. জুবাইদা রহমান বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার সঙ্গে দেশে ফিরবেন।তার ধানমন্ডি ৫ নম্বর রোডের বাসা এবং চলাচলের সময় পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করতে এই চিঠি দেওয়া হয়েছে।

চিঠিতে স্বাক্ষর করেছেন বিএনপি চেয়ারপারসনের একান্ত সচিব এ বি এম আব্দুস সাত্তার।এতে উল্লেখ করা হয়, নিরাপত্তাজনিত বিভিন্ন বিষয় বিবেচনায় রেখে তার চলাচল ও অবস্থানকালে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সহযোগিতা প্রয়োজন।

এ বিষয়ে সরকারপ্রধান, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে বলে বিএনপি সূত্র জানিয়েছে।

উল্লেখ্য, দীর্ঘদিন যুক্তরাজ্যে অবস্থানরত ডা. জুবাইদা রহমান রাজনৈতিক অঙ্গনে একটি আলোচিত নাম।তার এই সফরকে ঘিরে দলের ভেতরে ও বাইরে তৈরি হয়েছে বাড়তি আগ্রহ।আর তাই বিএনপির পক্ষ থেকে আগেভাগেই রাষ্ট্রীয় নিরাপত্তার বিষয়টি স্মরণ করিয়ে দেওয়া হলো।

বিএনপি আইজিপি স্বরাষ্ট্র সচিব

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 16:29

URL: https://www.timestodaybd.com/politics/1780775807